

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
গবেষণা শাখা  
ঢাকা

নং-১৯.০০.০০০০.৮১০.০৩.০০১.১৯-২৪২

তারিখঃ ১৮ মার্চ ২০১৯

প্রেরকঃ মঞ্জু মনোয়ারা  
সিনিয়র সহকারী সচিব (গবেষণা)

প্রাপকঃ উপ-পরিচালক (প্রশাসন)  
বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)  
১/৪৬ পুরাতন এলিফেন্ট রোড, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)-এর মহাপরিচালক মেজর জেনারেল এ কে এম আবদুর রহমান, এনডিসি, পিএসসি-এর অনুকূলে সিঙ্গাপুর সফরের জন্য সরকারী মঞ্জুরী জ্ঞাপন।

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ ((BISS)-এর মহাপরিচালক মেজর জেনারেল এ কে এম আবদুর রহমান, এনডিসি, পিএসসি-এর অনুকূলে আগামী ১৯-২০ মার্চ ২০১৯ তারিখে সিঙ্গাপুরে অনুষ্ঠিতব্য '6th Myanmar-Bangladesh Experts Meeting'-এ যোগদানের জন্য সিঙ্গাপুর সরকারী সফরের মঞ্জুরী জ্ঞাপন করছে।

০২। সফরের শর্তাবলী নিম্নরূপঃ

ক) উক্ত সফরকালীন সময়ে তিনি সরকারী কাজে নিয়োজিত বলে বিবেচিত হবেন এবং বিধি অনুযায়ী পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন। তবে বেতন/ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।

খ) তিনি ১৮ মার্চ ২০১৯ তারিখে অথবা নিকটবর্তী সময়ে সিঙ্গাপুরের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং শীর্ষক সভা শেষে ২১ মার্চ ২০১৯ তারিখে অথবা নিকটবর্তী সময়ে দেশে প্রত্যাবর্তন করতে পারেন।

গ) বর্ণিত ভ্রমণে আমন্ত্রণকারী সংস্থা কর্তৃক আবাসন, আহার এবং পরিবহনের ব্যয়ভার বহন করা হবে। এছাড়াও বর্ণিত কর্মকর্তা ভ্রমণ সংক্রান্ত বিধি মোতাবেক প্রাপ্যতা অনুযায়ী বিমান ভাড়া, বহির্গমনের জন্য নির্ধারিত হারে টার্মিনাল চার্জ এবং ট্রানজিট ভাতা প্রাপ্য হবেন যা BISS-এর ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেটের সংশ্লিষ্ট খাত হতে সংকুলান করা যেতে পারে।

ঘ) বর্ণিত কর্মকর্তা সফর শেষে দেশে প্রত্যাবর্তনের পর অনধিক দশ (১০) কার্যদিবসের মধ্যে একটি সফর সংক্রান্ত প্রতিবেদন অত্র মন্ত্রণালয়ে দাখিল করবেন এবং সফর শেষে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবর মূল ভাউচার/বিল প্রদানপূর্বক তাকে প্রদত্ত যে কোন অগ্রীমের সমন্বয় সাধন করবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

আপনার একান্ত,

(মঞ্জু মনোয়ারা)

সিনিয়র সহকারী সচিব (গবেষণা)

ফোন-৯৫৫৪১১৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ০১। মেজর জেনারেল এ কে এম আবদুর রহমান, এনডিসি, পিএসসি, মহাপরিচালক, বিআইআইএসএস, ঢাকা।
- ০২। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ০৩। মহাপরিচালক (গবেষণা), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। মহাপরিচালক (কনসুলার ও কল্যাণ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/গবেষণা), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, ১ম-১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুন বাগিচা, ঢাকা।
- ০৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ০৮। জেনারেল ম্যানেজার, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ০৯। সিনিয়র সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। অফিস কপি।

(মঞ্জু মনোয়ারা)

সিনিয়র সহকারী সচিব (গবেষণা)

ফোন-৯৫৫৪১১৫